

# বাজারের আলোর নতুন সম্ভার

নিজস্ব প্রতিনিধি, কলকাতা: ঘর সাজানোর উপযোগী বেশ কিছু আধুনিক আলো নিয়ে এল বাজাজ লাইটিং। এর মধ্যে রয়েছে বাজার হাইপেরিয়ন এবং এল ই ডি গ্লো লর্গন। শনিবার এক সাংবাদিক সম্মেলনে বাজাজ ইলেকট্রিক্যালের প্রেসিডেন্ট এবং লাইটিং শাখার প্রধান সি জি এস মানি বলেন, আমাদের আশা, কলকাতার গ্রাহকরা অন্যান্য পণ্যের মতো এই নতুন পণ্যগুলিও সাদরে গ্রহণ করবেন। এক প্রেস বিবৃতিতে এ খবর জানিয়ে সংস্থার পক্ষ থেকে বলা হয়েছে, ২০১২ সাল ব্যাবসার দিক থেকে তাদের পক্ষে ভালোই যাবে বলে তারা আত্মবিশ্বাসী। এছাড়া এই অর্থবর্ষের শেষে তাদের মোট ব্যাবসা ৪৩৫ কোটির লক্ষ্যমাত্রা পূরণ করতে পারে।